**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং ২৬

তারিখ: আশ্বিন ০৪, ১৪২৯ / সেপ্টেম্বর ১৯, ২০২২

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

২০২২-২০২৩ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান।

দেশের রপ্তানি বাণিজ্য উৎসাহিত করার লক্ষ্যে সরকার চলতি ২০২২-২০২৩ অর্থবছরে জুলাই ০১, ২০২২ থেকে জুন ৩০, ২০২৩ তারিখ পর্যন্ত জাহাজীকৃত সংশ্লিষ্ট পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এক্ষেত্রে ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রযোজ্য খাতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা বিষয়ে সেপ্টেম্বর ২০, ২০২১ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং ২৯ এবং নভেম্বর ১০, ২০২১ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং ৩৪, এফই সার্কুলার নং ৩৫, এফই সার্কুলার নং ৩৬, এফই সার্কুলার নং ৩৭ ও এফই সার্কুলার নং ৩৮ এ উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য রপ্তানির বিপরীতে বিদ্যমান হারে (পরিশিষ্ট-'ক') রপ্তানি প্রণোদনা সুবিধা ২০২২-২০২৩ অর্থবছরেও বহাল থাকবে। তবে ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রযোজ্য "নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্রখাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ ব্যতীত)" খাতের পরিবর্তে বর্তমান পরিশিষ্ট-'ক' এর ৩ নং ক্রমিকে "নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্রখাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ/ইউকে ব্যতীত)" করা হয়েছে। একইভাবে ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রযোজ্য "১০০% হালাল মাংস" খাত এর পরিবর্তে বর্তমান পরিশিষ্ট-'ক' এর ১০ নং ক্রমিকে "১০০% হালাল মাংস ও ১০০% হালাল প্রক্রিয়াকৃত মাংসজাত পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি" করা হয়েছে।

রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য শর্তসহ সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্মর্মে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : পরিশিষ্ট-'ক'

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩

সূত্র: এফই সার্কুলার নম্বর ২৬/২০২২ দ্রষ্টব্য

পরিশিষ্ট -'ক'

## রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তাভুক্ত পণ্য/খাত এর তালিকা

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ১ | রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা | ৪.০০% |
| ২ | রপ্তানিমুখী তৈরী পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা | ৪.০০% |
| ৩ | নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্রখাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ/ইউকে ব্যতীত) | ৪.০০% |
| ৪ | ইউরো অঞ্চলে বস্ত্রখাতের রপ্তানিকারকদের জন্য বিদ্যমান ৪% এর অতিরিক্ত বিশেষ সহায়তা | ২.০০% |
| ৫ | তৈরী পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা | ১.০০% |
| ৬ | কৃষিপণ্য (শাকসজি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ৭ | হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ৮ | পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকি:<br>ক) বৈচিত্রকৃত পাট পণ্য (Diversified Jute Products)<br>খ) পাটজাত চূড়ান্ত দ্রব্য (হেসিয়ান, সেকিং ও সিবিসি)<br>গ) পাট সুতা (ইয়ার্ন ও টোয়াইন)<br>(পাট আইন ২০১৭ তে উল্লিখিত বৈচিত্রকৃত পাটপণ্যের সংজ্ঞা অনুসারে ন্যূনতম ৫০ ভাগ মূল্যমানের পাটের ব্যবহার থাকতে হবে) | <br>২০.০০%<br>১২.০০%<br>৭.০০% |
| ৯ | Active Pharmaceuticals Ingredients (API) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১০ | ১০০% হালাল মাংস ও ১০০% হালাল প্রক্রিয়াকৃত মাংসজাত পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১১ | হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা:<br>(ক) হিমায়িত চিংড়ি রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40%<br>(খ) হিমায়িত অন্যান্য মাছ রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to 20%<br>Above 20% to 30%<br>Above 30% to 40%<br>Above 40% | <br><br>১০.০০%<br>৯.০০%<br>৮.০০%<br>৭.০০%<br><br>৫.০০%<br>৪.০০%<br>৩.০০%<br>২.০০% |
| ১২ | চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা<br>(সিলিং সীমা পূর্বের ন্যায় বহাল থাকবে) | ১৫.০০% |
| ১৩ | সাভারে চামড়া শিল্প নগরীতে অবস্থিত কারখানা ও সাভারের বাইরে অবস্থিত নিজস্ব ইটিপি রয়েছে এরূপ কারখানাসমূহে উৎপাদিত ক্রাস্ট ও ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ১৪ | আলু রপ্তানি খাতে নগদ সহায়তা | ২০.০০% |
| ১৫ | পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন ও জুট পার্টিকেল বোর্ড রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৬ | ফার্নিচার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ১৭ | শস্য ও শাক সজি-এর বীজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৮ | আগর ও আতর রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ২০.০০% |
| ১৯ | অ্যাকুমুলেটর ব্যাটারী (HS Code: 8507.10 এবং 8507.20) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ২০ | সিনথেটিক ও ফেব্রিকস এর মিশ্রণে তৈরী পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ২১ | প্লাস্টিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |

সূত্র: এফই সার্কুলার নম্বর ২৬/২০২২ দ্রষ্টব্য

পরিশিষ্ট-'ক'

| ক্রমিক নং | রপ্তানি পণ্যের নাম | প্রযোজ্য হার |
|---|---|---|
| ২২ | দেশে উৎপাদিত কাগজ ও কাগজ জাতীয় দ্রব্য রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৩ | ক) বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি<br>খ) সফটওয়্যার ও আইটিইএস সেবা রপ্তানির বিপরীতে ব্যক্তি পর্যায়ের ফ্রিল্যান্সারদের জন্য রপ্তানি ভর্তুকি | ১০.০০%<br>৪.০০% |
| ২৪ | জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৫ | ফার্মাসিউটিক্যালস পণ্য (মেডিক্যাল/সার্জিক্যাল Instruments and Appliances সহ) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৬ | হাতে তৈরী পণ্য (হোগলা, খড়, আখের/নারিকেলের ছোবড়া, গাছের পাতা/খোল, গার্মেন্টস এর ঝুট কাপড় ইত্যাদি) রপ্তানি খাতে নগদ সহায়তা | ১০.০০% |
| ২৭ | গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ২৮ | (ক) পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি<br>(খ) পেট বোতল-ফ্লেক্স থেকে উৎপাদিত পলিইয়েস্টার স্টাপল ফাইবার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০%<br>১০.০০% |
| ২৯ | Photovoltaic Module রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩০ | মোটর সাইকেল রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩১ | কেমিক্যাল পণ্য (ক্লোরিন, হাইড্রোক্লোরিক এসিড, কস্টিক সোডা এবং হাইড্রোজেন পারঅক্সাইড) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩২ | রেজার ও রেজার ব্লেডস্ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৩ | সিরামিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৪ | টুপি রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৫ | কাঁকড়া ও কুঁচে (জীবন্ত, হিমায়িত ও সফটসেল) রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৬ | Galvanized Sheet/Coils (Coated with Zinc, Coated with Aluminium ও Zinc এবং Color Coated) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৭ | কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১০.০০% |
| ৩৮ | চাল রপ্তানিতে রপ্তানি ভর্তুকি | ১৫.০০% |
| ৩৯ | বিশেষায়িত অঞ্চল (বেজা, বেপজা ও হাইটেক পার্ক) এ অবস্থিত প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি ভর্তুকি<br>এফই সার্কুলার নম্বর ৩৪/২০২১ এর -<br>১) প্রথম অনুচ্ছেদের (ক) উপঅনুচ্ছেদ অনুসারে সংশ্লিষ্ট সার্কুলারের আওতায় পরিশোধ্য রপ্তানি ভর্তুকি (এফই সার্কুলার নং ০১, তারিখ জানুয়ারি ০৭, ২০২০ এর আওতায় পরিশোধ্য তৈরি পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা ব্যতীত)<br>২) প্রথম অনুচ্ছেদের (খ) উপঅনুচ্ছেদের আওতায় টাইপ-এ ও টাইপ-বি প্রতিষ্ঠানের প্রক্রিয়াজাত কৃষিপণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি<br>৩) প্রথম অনুচ্ছেদের (ক) উপঅনুচ্ছেদের আওতায় এফই সার্কুলার নং ০১, তারিখ জানুয়ারি ০৭, ২০২০ এর আওতায় তৈরি পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা এবং (গ) উপঅনুচ্ছেদ অনুসারে সকল ক্যাটাগরিভুক্ত প্রতিষ্ঠানের অন্যান্য পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি। | <br><br>৪.০০%<br><br>৪.০০%<br><br>১.০০% |
| ৪০ | দেশে উৎপাদিত চা রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ৪.০০% |
| ৪১ | দেশে উৎপাদিত বাইসাইকেল ও এর পার্টস রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ৪.০০% |
| ৪২ | দেশে উৎপাদিত MS Steel Products রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ৪.০০% |
| ৪৩ | দেশে উৎপাদিত সিমেন্ট শিট রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি | ৪.০০% |